

ছাত্রদল অস্ট্রেলিয়ার আয়োজনে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৩২তম শাহাদাত বার্ষিকী পালিত

শরীফ হোসেন, সিডনী থেকে

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল অস্ট্রেলিয়া শাখার আয়োজনে গত ৯ই জুন ২০১৩ সিডনির বেলমোর কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত হয় স্বাধীনতার ঘোষক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৩২তম শাহাদাত বার্ষিকী। ছাত্রদল অস্ট্রেলিয়া



শাখার সভাপতি মো: রাশেদুল ইসলাম রাজু সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সিডনী বাংলা কমিউনিটির সমাজসেবক ও অস্ট্র এইড এর কর্ণধার জনাব আবদুল হক। ছাত্রদল অস্ট্রেলিয়ার সেক্রেটারি মো: হোসায়ন সারোয়ার সায়মন এর পরিচালনায় প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন বিএনপি অস্ট্রেলিয়ার সভাপতি ডা: ওহাব বকুল। উক্ত অনুষ্ঠান ঘিরে গত কয়েকদিনে সিডনির বাংলাদেশ কমিউনিটিতে জাতীয়তাবাদী শক্তির সকল নেতৃবৃন্দ মধ্যে ছিল ব্যাপক আলোচনা ও প্রাণবন্ত উচ্ছ্বাস। দীর্ঘ দিন পরে বিপুল সংখ্যক কমিউনিটির জাতীয়তাবাদী শক্তির মানুষগুলো একসাথে থাকায় ছাত্রদলের নেতাকর্মীরা আর ও উজ্জীবিত হয়ে উঠেন। ছাত্রদলের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট শাকিল আহমেদ এর আমন্ত্রণে দোয়া মাহফিলে পরিচালনা করেন বাংলাদেশ ইসলামিক সেন্টারের সাবেক সাধারণ সম্পাদক রাজু আহমেদ। দ্বিতীয় অধিবেশনে সাধারণ সম্পাদক হোসায়ন সারোয়ার সায়মন শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আদর্শ ও বাংলাদেশের শ্রেষ্ঠ রাষ্ট্র নায়ক হিসাবে তার দিনগুলির চিত্র তুলে ধরেন। আলোচনার শুরুতে ছাত্রদল অস্ট্রেলিয়া শাখার সভাপতি মো: রাশেদুল ইসলাম রাজুকে আমন্ত্রণ জানান আমন্ত্রিত অতিথিদের নিয়ে স্টেজে আসার জন্য। বিশেষ অতিথি হিসাবে এই সময় উপস্থিত ছিলেন বিএনপি অস্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক ফজলুল হক শফিক ও এনএসডব্লিউ সভাপতি এ্যাড. মোবারক হোসেন এই সময় আরো উপস্থিত ছিলেন সহ সভাপতি সহ সভাপতি হাবীব মোঃ জকি, আবদুস্ ছাত্তার, সহ সাধারণ সম্পাদক মো: শাহ আলম সাবেক সহ সভাপতি আবদুল হারুনী, জামিলুর রহমান অস্ট্রেলিয়া যুবদলের ভারপ্রাপ্ত সভাপতি আবুল হাছান সহ সভাপতি সেলিম লকিয়াত, সাংগঠনিক সম্পাদক মাছুদুর রহমান, নিউ সাউথ ওয়েলস যুবদলের সভাপতি মিজানুর রহমান চৌধুরী ছাত্রদল অস্ট্রেলিয়ার সাংগঠনিক সম্পাদক মোঃ তানজিন হোসেন ছিদ্দীকি সহ -সভাপতি মোঃ ছাইদুর রহমান, যুগ্ম

সাধারণ সম্পাদক মারুফ হোসেন, নাদিম হোসেন আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক আসিফুল ইসলাম, দফতর সম্পাদক রাজশ্রী নাথ, রসি মোহাম্মদ শেখ, আওলাদ হোসেন ও ওমর ফারুক প্রমুখ। উক্ত আলোচনা সভায় সভাপতির বক্তব্যে ছাত্রদল অস্ট্রেলিয়ার সভাপতি মোঃ রাশেদুল ইসলাম রাজু তুলে ধরেন শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ১৯ দফা আন্দোলন এবং আজকের দিনে বাংলাদেশ ও গণতন্ত্র।

প্রধান আলোচকের বক্তব্যে অস্ট্রেলিয়া বিএনপি সভাপতি ডাঃ ওহাব বকুল বলেন শহীদ প্রেসিডেন্ট জিয়া ছিলেন বাংলাদেশ স্বাধীনতার সর্ব শ্রেষ্ঠ সন্তান যার কর্ম ও দক্ষতার জন্য আজ আমরা স্বাধীন দেশ হিসাবে বিশ্বের মানচিত্রে দাঁড়িয়ে আছি।

পরে রাতের খাবারের মাধ্যমে অনুষ্ঠান সমাপ্তি ঘোষণা করেন ছাত্রদল অস্ট্রেলিয়ার সভাপতি মোঃ রাশেদুল ইসলাম রাজু

